Siddique's

100 Years

# Criminal Reference On PENAL CODE

(DLR, BLT, BLC, ADC, MLR, ALR, BLD, BCR, CLR)

# দণ্ডবিধি

[সর্বশেষ উচ্চ আদালতের সিদ্ধান্ত ও নজির]

[ইংরেজি ও বাংলা]

Justice Siddiqur Rahman Miah

Unique Law Book House

# The Penal Code (দণ্ডবিধি)

## Contents/সূচিপত্র


| *Section No.* | *Page No.* |
|---|---|
| Section 2 | 1 |
| Section 5(2) | 1 |
| Section 19A | 3 |
| Section 21 | 3 |
| Sections 25 | 9 |
| Section 27 | 9 |
| Section 28 | 9 |
| Sections 29 | 9 |
| Section 32 | 10 |
| Section 34 | 10 |
| Section 35A | 38 |
| Section 39 | 38 |
| Sections 43 | 38 |
| Sections 45 | 38 |
| Section 53 | 41 |
| Section 53A | 43 |
| Section 54 | 43 |
| Section 55 | 44 |
| Section 57 | 44 |
| Sections 68 | 46 |
| Sections 72 | 48 |
| Section 75 | 48 |
| Section 80 | 48 |
| Section 82 | 48 |
| Sections 83 | 49 |
| Section 84 | 50 |
| Section 85 | 53 |
| Section 94 | 54 |
| Section 96 | 54 |
| Section 97 | 56 |
| Section 99 | 56 |
| Section 100 | 57 |
| Section 105 | 61 |
| Section-106 | 61 |
| Sections 107 | 61 |
| Section 108 | 65 |

Section 109 .... 65
Sections 114 .... 74
Section 119 .... 75
Section 120 .... 75
Section 120A .... 75
Section 120B .... 76
Section-131 .... 87
Sections 141 .... 87
Sections 143 .... 88
Section 147 .... 89
Section 148 .... 91
Section 149 .... 96
Section 154 .... 101
Section 157 .... 101
Section 161 .... 102
Section 164(3) .... 106
Section 165A .... 106
Section 166 .... 106
Section 167 .... 108
Sections 172 .... 108
Section 175 .... 108
Section 186 .... 109
Section 187 .... 109
Section 188 .... 110
Sections 193 .... 112
Section 195 .... 113
Section 196 .... 114
Section 199 .... 114
Section 201 .... 114
Sections 202 .... 117
Section 211 .... 118
Section 220 .... 118
Section 228 .... 119
Section 233 .... 119
Section 237 .... 119
Section 241A .... 119
Section 272 .... 120
Section 275 .... 120
Section 290 .... 120
Section 294A .... 121
Section 295A .... 122
Sections 298 .... 122
Sections 299 .... 123
Sections 299(b) .... 123
Section 299 .... 124
Section 300 .... 124

Section 301 .......... 139
Section 302 .......... 140
Section 303 .......... 252
Section 304 .......... 253
Section 304B .......... 267
Section 306 .......... 268
Sections 307.......... 269
Section 301 .......... 273
Section 313 .......... 273
Section 314 .......... 273
Section 319 .......... 273
Sections 320.......... 274
Section 323 .......... 278
Section 324 .......... 279
Section 325 .......... 280
Section 326 .......... 281
Section 326A .......... 287
Section 342 .......... 288
Section 344 .......... 288
Section 353 .......... 288
Sections 361.......... 289
Sections 361.......... 289
Section 362 .......... 290
Section 363 .......... 291
Section 364 .......... 292
Sections 365.......... 296
Section 366A .......... 296
Section 366 .......... 298
Section 367 .......... 301
Section 372 .......... 301
Section 375 .......... 301
Section 376 .......... 304
Section 377 .......... 313
Section 378 .......... 314
Sections 379.......... 315
Section 380 .......... 320
Section 381 .......... 321
Section 382 .......... 321
Sections 383.......... 321
Section 385 .......... 322
Sections 386.......... 322
Section 387 .......... 323
Section 391 .......... 323
Section 394 .......... 324
Section 395 .......... 325
Section 396 .......... 328

Section 397 ........ 332
Section 398 ........ 332
Section 399 ........ 332
Section 397 ........ 333
Section 402 ........ 334
Section 403 ........ 334
Section 405 ........ 335
Sections 406........ 339
Section 407 ........ 351
Section 408 ........ 351
Section 409 ........ 352
Section 411 ........ 369
Section 412 ........ 369
Section 415 ........ 370
Section 416 ........ 375
Sections 419........ 375
Section 420 ........ 376
Section 420A ........ 388
Section 427 ........ 388
Section 435 ........ 388
Sections 436........ 389
Sections 441........ 389
Section 448 ........ 391
Section 449 ........ 392
Sections 458........ 393
Section 461 ........ 393
Setions 463 ........ 393
Section 464 ........ 396
Sections-465 ........ 396
Sections 466........ 397
Section 467 ........ 397
Sections 468........ 402
Sections-469 ........ 402
Section 471 ........ 402
Section 488 ........ 403
Section 489B ........ 404
Section 493 ........ 404
Section 494 ........ 405
Sections 497........ 405
Section 498 ........ 406
Sections 499........ 406
Section 500 ........ 408
Section 509 ........ 408

# Siddique's
# 100 Years Criminal Reference On
# Penal Code
# দণ্ডবিধি

[Act No. XLV of 1860]

**Section 2**—The urge of the petitioners to get their matter disposed of by the High Court Division or by this Division through Islamic law has got no leg to stand in view of the aforesaid provisions. Under Article 152 of the Constitution, the word 'law' means any Act, Ordinance, etc. having the force of law in Bangladesh. The urge of the petitioners for trying their cases in accordance with Islamic law is nothing but an imaginary dream. *Iftekhar Hasan @ Al Mamun vs State 59 DLR (AD) 36.*

**ধারা ২**—উপরোক্ত বিধান মোতাবেক, দরখাস্তকারী তার বিচার্য বিষয় মুসলিম আইন মোতাবেক নিষ্পত্তির জন্য হাইকোর্ট বিভাগে অথবা অত্র আদালতে যেই দরখাস্ত দাখিল করেছেন তার আইনগত কোন ভিত্তি নেই। সংবিধানের ১৫২ অনুচ্ছেদ মোতাবেক আইন—শব্দের অর্থ হলো যে কোন আইন, অধ্যাদেশ ইত্যাদি যেগুলো বাংলাদেশে আইন হিসেবে বলবৎ রয়েছে। দরখাস্তকারী কর্তৃক তাদের মামলার বিচার্য বিষয় মুসলিম আইন মোতাবেক নিষ্পত্তির জন্য আদালতে দাখিলকৃত দরখাস্ত তার কাল্পনিক স্বপ্ন ব্যতীত কিছুই নয়। *Iftekhar Hasan @ Al Mamun vs State 59 DLR (AD) 36.*

**Section 2**—A public servant by definition in 1982 in the Penal Code will prospectively be deemed to be a public servant under Act II of 1947 when he commits an offence as public servant after the amendment of the Penal Code. *International Finance Investment and Commerce Bank Ltd vs Abdul Quayum and another 4 BLC (AD) 255.*

**ধারা ২**—দণ্ডবিধিতে ১৯৮২ সালে প্রদত্ত সরকারি কর্মচারী শব্দের সংজ্ঞাকে ১৯৪৭ সালের ২নং আইনের অধীনে সরকারি কর্মচারী হিসেবে গণ্য করা হবে; যখন দণ্ডবিধি সংশোধনের পর সরকারি কর্মকর্তা হিসেবে কোন ব্যক্তি অপরাধ করেন। *International Finance Investment and Commerce Bank Ltd vs Abdul Quayum and another 4 BLC (AD) 255.*

**Section 5(2)** – The prosecution conclusively proved that the appellant by abusing his different positions as public servant obtained pecuniary advantage for himself and other dependants by concealing wealth and also of the property disproportionate to his known source of income thereby committed offence of criminal misconduct under section 5(1)(d)(e) of the Act. Mir Mohammad Helal Uddin vs. State (Criminal) 72 DLR (2020)-HCD-471.

**ধারা ৫(২)** — প্রসিকিউশন চূড়ান্তভাবে প্রমাণ করেছে যে আপিলকারী সরকারি কর্মচারী হিসেবে তার বিভিন্ন পদের অপব্যবহার করে আর্থিক সুবিধা অর্জন করেছে তার নিজের এবং তার উপরের নির্ভরশীলদের জন্য, তার

সম্পদের পরিমাণ গোপনের মাধ্যমে এবং জ্ঞাত আয়ের উৎসের সঙ্গে অসমঞ্জস্যপূর্ণ সম্পদের দ্বারা এবং এর মাধ্যমে সে উক্ত আইনের ৫(১)(ঘ)(ঙ) ধারার অধীনে ফৌজদারি অসদাচরণ করেছে। মীর মোহাম্মদ হেলাল উদ্দিন বনাম রাষ্ট্র (ফৌজদারি) ৭২ ডিএলআর (২০২০)-হাইকোর্ট ডিভিশন-৪৭১

**Section 5(2)—Member of Parliament is not a public servent**—So many persons under different categories including the Municipal Commissioners, Members of Panchayat and Local Authority are described as public servants. But a Member of Parliament, who is the People's representative in the Legislature to make laws being directly elected by the People, is not included anywhere, as a public servant. *Zakir Hossain Sarkar Vs. State and others (Cri.) 6 ALR (2015) (2) HCD 185.*

**ধারা ৫(২) —সংসদ সদস্যরা সরকারি কর্মচারী নয়**—পৌরসভা, পঞ্চায়েতের সদস্য এবং স্থানীয় কর্তৃপক্ষসহ বিভিন্ন ধরনের—অধীন বহু ব্যক্তিকে সরকারি হিসেবে বর্ণনা করা হয়েছে। কিন্তু একজন সংসদ সদস্য যিনি আইনসভায় জনগণের প্রতিনিধি হয়ে আইন প্রণয়ন করেন তিনি সরাসরি জনগণ কর্তৃক নির্বাচিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী হিসেবে কোথাও অন্তর্ভুক্ত করা হয়নি। *Zakir Hossain Sarkar Vs. State and others (Cri.) 6 ALR (2015) (2) HCD 185.*

**Section 5 (2)** — There is no legal bar to holding trial of the case by the special judge because if there is abetement of offences by any person other than public servant the special judge has power to hold trial against him.

Though the offence is not related to or connected with offences punisheable under the prevention of corruption Ain or other offences punishable under the criminal law amendment act. The FIR and police report disclose offence under the Penal Code.The case was initially started before the amendment and accordingly the ordinary Criminal court is competent to hold the trial of the case.

There is no legal bar to holding the trial by the special judge since there are allegation that the accused respondent along with two others had withdrawn money without completing construction work of a three storey building.

The offences punishable under section 420, 462A, 462B, 466, 467, 468, 469 and 471 of the Penal Code have been inserted in the schedule for the first time as offences traible by the special judge under the Durnity Domon Commission Ain without specifying as to weather those ofences are connected with the offences mentioned under the prevention of corruption act and offences punishable under section 161, 162; 163, 164, 165, 166, 167, 168, 169, 217, 218, 409 and 477A of the Penal Code have been arrayed as offences triable by the special judge. by reason of this insertion of those offences, the investigations and trial of the proceeding under the said offences have been postponed and thereby administration of criminal justice is being hampered. the Appellate division also finds no cogent and ground for inclusion of those often in the schedule to the Durnity Domon Commission Ain unless and until those offences are related to or connected with the offences describe in the schedule to the Durnity Domon Commission Ain if the case in respect of those offences are investigated by the police officer who have power to investigate those oftences and the judicial magistrate who have power to inquire try in respect of those offences should inquire and try those offence and the ordinary criminal courts are allowed to proceed with the trial of those offences, the ends of justice

will be defeated. Al-haj MD. yunus vs the state and another (criminal) 19 A L R (AD) 172-175.

**Section 19A**—Prosecution under section 211 would have to be initiated upon a complaint in writing by the Presiding Officer of the Court under section 195(1)(b) of the Code and then forwarded to a Magistrate of the first class having jurisdiction as provided by section 476 of the Code. *Md. Solim Ullah Vs. The State, and others (Criminal), 15 ALR (2019)(1) AD 100-105.*

**ধারা ১৯ক**—ফৌজদারি কার্যবিধি ১৯৫(১) (বি) ধারা অনুযায়ী আদালতের বিচারক কর্তৃক লিখিত অভিযোগের ভিত্তিতে দণ্ডবিধির ২১১ ধারার অপরাধের মামলার কার্যক্রম শুরু হতে হবে। অতঃপর উক্ত অভিযোগ এখতিয়ারসম্পন্ন কোন প্রথম শ্রেণির ম্যাজিস্ট্রেটের কাছে প্রেরণ করতে হবে। *Md. Solim Ullah Vs. The State, and others (Criminal), 15 ALR (2019)(1) AD 100-10.*

**Section 19 and 77**— section 77 of the code, protects the act of judges when acting judicially. as per section 19 of the code though the Commissioner of custom adjudication dispute does not fall within the definition judge but the adjudication proceeding in customs, excise and VAT are known as quasi-judicial. The advocating authority is to work judicially and fairly. in order to ensure their Independence in performing Quasi judicial function the principal enunciated in section 77 should be applied when they work in good faith without any alegation of misconduct. Nazrul Islam (MD) vs. state (criminal) 26 BLC (2021)- HCD- 318.

**ধারা ১৯ ও ৭৭**— দণ্ডবিধির ৭৭ ধারা বিচারকার্য করাকালীন সময়ে বিচারকদের কাজের রক্ষাকবচ প্রদান করে। যদিও দণ্ডবিধির ১৯ ধারা অনুযায়ী বিরোধ নিষ্পত্তি করা কাস্টমসের কমিশনার বিচারকের সংজ্ঞায় পড়েন না কিন্তু কাস্টমস আবগারি এবং ভ্যাটের কার্যক্রম পরিচালনা আধা-বিচারিক কার্যক্রম বলে গণ্য। আধা-বিচারিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে স্বাধীনতা নিশ্চিতের জন্য সাহায্যকারী কর্তৃপক্ষকে কাজ করতে হবে বিচারিকভাবে এবং ন্যায়সঙ্গতভাবে। আধা-বিচারিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে ৭৭ ধারায় বর্ণিত নীতির প্রয়োগ করা উচিত যখন কোনো অসদাচরণের অভিযোগ নেই ও তারা সরল বিশ্বাসে কাজ করে। নজরুল ইসলাম (এমডি) বনাম রাষ্ট্র (ফৌজদারি) ২৬ বিএলসি (২০২১)-হাইকোর্ট ডিভিশন-৩১৮.

**Section 21, Twelfth Clause**—The Prime Minister who is also a Member of Parliament being remunerated/paid by the Government for the performance of his/her public duty definitely come within the mischief/ambit of clause 'Twelfth' of section 21 of the Penal Code as public servant. Begum Khaleda Zia vs State (Criminal), 71 DLR (2019) HCD 391.

**ধারা ২১, ১২তম দফা**— প্রধানমন্ত্রী যিনি সংসদের একজন সদস্য এবং পারিতোষিক/অর্থ পেয়ে থাকেন সরকারের নিকট থেকে তার সরকারি কর্তব্য সম্পাদনের জন্য তিনি অবশ্যই আসবেন দণ্ডবিধির ২১ ধারার ১২তম দফার ব্যাখ্যা বা পরিধির অধীনে, সরকারি কর্মচারী হিসেবে। বেগম খালেদা জিয়া বনাম রাষ্ট্র ফৌজদারি ৭১ ডিএলআর (২০১৯) হাইকোর্ট ডিভিশন ৩৯১

**Section 21**—A person may be declared to be public servant by a statute but such declaration would not necessarily make him a public servant within the meaning of section 21, though he will be a public servant for other purposes in accordance with the provisions of the statute. A public servant need not necessarily be appointed by the government. Bangladesh Biman Airlines Limited vs Captain Mir Mazharul Huq, 70 DLR (AD) 16

**ধারা ২১**— একজন ব্যক্তিকে সরকারি কর্মচারী হিসেবে আইনের দ্বারা ঘোষণা করা যায় কিন্তু উক্ত ঘোষণা কোনো ব্যক্তিকে ২১ ধারার অধীনে বোঝানো সরকারি কর্মচারী করে না, যদিও সে সরকারি কর্মচারী হিসেবে গণ্য হবে উক্ত আইনের বিধানাবলীর আলোকে অন্যকোনো উদ্দেশ্যে। একজন সরকারি কর্মচারী হওয়ার জন্য প্রয়োজনীয় নয় সরকার কর্তৃক নিযুক্ত হওয়া। বাংলাদেশ বিমান এয়ারলাইন্স লিমিটেড বনাম ক্যাপ্টেন মীর মাজহারুল হক ৭০ ডিএলআর (আপিল বিভাগ) ১৬

**Section 21**—It will frustrate the very purpose of separation of powers if a Member of Parliament is treated a public servant. Zakir Hossain Sarkar vs State, 70 DLR 203

**ধারা ২১**— ইহা ক্ষমতা স্বতন্ত্রীকরণের নীতির উদ্দেশ্যকেই ব্যাহত করবে যদি কোনো সংসদ সদস্যকে সরকারি কর্মচারী হিসেবে গণ্য করা হয়। জাকির হোসাইন সরকার বনাম রাষ্ট্র ৭০ ডিএলআর ২০৩

**Section 21**—A Managing Director or an employee of a private limited company registered under the Companies Act, 1913 cannot be said to be a public servant within the meaning of section 2(b) of the Criminal Law Amendment Act only because the firm was registered under the Companies Act to start functioning. Khurshid Alam and another vs Azizur Rahman 9 BLC (AD) 241.

**ধারা ২১**– কোনো ব্যবস্থাপনা পরিচালক বা ১৯১৩ সালের কোম্পানি আইনের অধীনে নিবন্ধিত কোন প্রাইভেট লিমিটেড কোম্পানির কোনো কর্মচারীকে, শুধুমাত্র কার্যক্রম পরিচালনার জন্য ফার্মটি কোম্পানি আইনের অধীনে নিবন্ধিত হয়েছে এই জন্য, ফৌজদারি আইন সংশোধন আইনের ২(খ) ধারা অনুযায়ী সরকারি কর্মচারী বলা যায় না। খুরশীদ আলম ও অন্যান্য বনাম আজিজুর রহমান ৯ বিএলসি (আপিল বিভাগ) ২৪১

**Section 21 read with Criminal Law Amendment Act, 1958; Section 2(b)** – Whether the Superintendent of a Non-Government Madrasha is a public servant—Held; we are of the view that though the petitioner receives remuneration from the government as a superintendent of a private madrasha but he does not fall within the category of public servant as defined in Section 21 of the Penal Code, 1860 and Section 2(b) of the Criminal Law Amendment Act, 1958. Shahid Masud Ahammad Vs. The State & Anr, 28 BLT (2020)-HCD-24

**ধারা ২১ ও ১৯৫৮ সালের ফৌজদারি আইন সংশোধন আইনের ২(খ) ধারা**– কোনো বেসরকারি মাদ্রাসার সুপারিনটেনডেন্ট সরকারি কর্মচারী কি-না গৃহীত; এই আদালতের মতামত হলো যদিও দরখাস্তকারী পারিতোষিক গ্রহণ করেছে সরকারের নিকট থেকে প্রাইভেট মাদ্রাসার সুপারিনটেনডেন্ট হিসেবে, কিন্তু সে ১৮৬০ সালের দণ্ডবিধির ২১ ধারা ও ১৯৫৮ সালের ফৌজদারি আইন সংশোধন আইনের ২(খ) ধারার অধীনে সরকারি কর্মচারীর আওতায় পড়ে না। শহীদ মাসুদ আহম্মেদ বনাম রাষ্ট্র এবং অন্য একজন ২৮ বিএলটি (২০২০)-হাইকোর্ট ডিভিশন-২৪

**Section 21**—The two provisions have only to be looked at by side to be sure that more people can now be called public servants for the purposes of the anticorruption law. *Anti-corruption Commission vs Md Shahidul Islam @ Mufti Shahidul Islam, 68 DLR (AD) 242*

**ধারা ২১**—উপরের দুটি ধারাকেই সমন্বিতভাবে বিবেচনা করতে হবে দুর্নীতি দমন বিরোধী আইনের উদ্দেশ্য সাধনকালে অধিক সংখ্যক ব্যক্তিকে সরকারি কর্মচারী হিসেবে গণ্য করা যায়–এ বিষয়ে নিশ্চিত হওয়ার জন্য। *Anti-corruption Commission vs Md Shahidul Islam @ Mufti Shahidul Islam, 68 DLR (AD) 242*

**Section 21**—Section 21 may generally signify any person duly appointed and invested with authority to administer any part of the public duty imposed by law, whether

it be judicial, ministerial or mixed. *Bangladesh Biman Airlines Limited vs Captain Mir Mazharul Huq, 70 DLR (AD) 16*

**ধারা ২১**—২১ ধারায় সাধারণভাবে এমন ব্যক্তিকে ইঙ্গিত করে যে আইন মোতাবেক সঠিকভাবে নিয়োগপ্রাপ্ত এবং সরকারি দায়িত্ব পালনের জন্য যার কাছে ক্ষমতা অর্পণ করা হয়েছে, এমন ক্ষমতা হতে পারে বিচারিক কিংবা মন্ত্রণালয়গত কিংবা উভয় সংমিশ্রণগত ক্ষমতা। *Bangladesh Biman Airlines Limited vs Captain Mir Mazharul Huq, 70 DLR (AD) 16*

**Section 21**—A person may be declared to be public servant by a statute but such declaration would not necessarily make him a public servant within the meaning of section 21, though he will be a public servant for other purposes in accordance with the provisions of the statute. A public servant need not necessarily be appointed by the government. *Bangladesh Biman Airlines Limited vs Captain Mir Mazharul Huq (Civil); 70 DLR (2018) AD 16.*

**ধারা ২১**—একজন ব্যক্তিকে আইন অনুযায়ী সরকারি কর্মচারী হিসেবে ঘোষণা করা যাবে কিন্তু এমন ঘোষণা তাকে ২১ ধারার অর্থ অনুযায়ী সরকারি কর্মচারী হিসেবে পরিগণিত করে না, যদিও আইনের বিধান অনুযায়ী অন্যান্য উদ্দেশ্যে তিনি সরকারি কর্মচারী হিসেবে পরিগণিত হবেন। একজন সরকারি কর্মচারী সরকার কর্তৃকই নিয়োগপ্রাপ্ত হতে হবে এমনটি অত্যাবশ্যক নয়। *Bangladesh Biman Airlines Limited vs Captain Mir Mazharul Huq (Civil); 70 DLR (2018) AD 16.*

**Section 21**—It will frustrate the very purpose of separation of powers if a Member of Parliament is treated a public servant. *Zakir Hossain Sarkar vs State (Criminal), 70 DLR (2018) HCD 203.*

**ধারা ২১**—একজন সংসদ সদস্যকে সরকারি কর্মচারী হিসেবে বিবেচনা করলে তা ক্ষমতার পৃথকীকরণের মূল উদ্দেশ্যকেই ব্যাহত করবে। *Zakir Hossain Sarkar vs State (Criminal), 70 DLR (2018) HCD 203.*

**Section 21**—Members of Union Parishad are 'Public Servants' whom the Legislature has treated as a separate class of people's representatives and provided additional disqualification for them.

Above all, members of a Union Parishad are 'public servants' within the meaning of section 21 of the Penal Code. The term 'Public Servants' denotes some executive control over them and they are subject to disciplinary rules which are applicable to regular government servants. In view of these differences in respect of functions and duties, the Legislature thought it proper and expedient to treat them as a separate class of people's representatives and has provided for the additional disqualification in question. *Sheikh Abdus Sabur vs Returning Officer 41 DLR (AD) 301.*

**ধারা ২১**—ইউনিয়ন পরিষদের সদস্যরা সরকারি কর্মচারী যাদেরকে আইনপ্রণেতাগণ আলাদা শ্রেণির জনগণের প্রতিনিধি হিসেবে বিবেচনা করে তাদের জন্য কিছু অতিরিক্ত অযোগ্যতামূলক খাত বর্ণনা করা হয়েছে।

সর্বোপরি দণ্ডবিধির ২১ ধারার বিধান অনুযায়ী ইউনিয়ন পরিষদের মেম্বার সরকারি কর্মচারী হিসেবে পরিগণিত হবেন। সরকারি কর্মচারী শব্দটি সংশ্লিষ্ট কর্মচারীদের ক্ষেত্রে নির্বাহী বিভাগের কিছুটা নিয়ন্ত্রণ এবং নিয়মতান্ত্রিক সরকারি কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে এমন শৃঙ্খলা বিধি তাদের ক্ষেত্রেও প্রযোজ্য হবে। দায়িত্ব এবং কর্তব্যগত বিষয় বিবেচনা করে এবং পার্থক্যগুলো বিবেচনা করে আইন প্রণেতাগণ মনে করেন তাদেরকে আলাদা শ্রেণির জনপ্রতিনিধি হিসেবে বিবেচনা করা সঠিক এবং প্রয়োজনীয়। তাদের জন্য বিচার্য ক্ষেত্রে অনেকগুলো ক্ষেত্র বর্ণনা করা হয়েছে যে ক্ষেত্রে তারা অযোগ্য। *Sheikh Abdus Sabur vs Returning Officer 41 DLR (AD) 301.*